**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**15 July 2026** **7:35 AM IST**

==========================================================================

আসাম সরকার গণ প্রশাসন ও জনসেবা প্রদান ব্যবস্থার উন্নয়নের জন্য ১৪ টি নতুন চক্র আধিকারীকের কার্যালয় স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । কাছাড় জেলার বড়খলা ও ধলাই সহ মধ্য গুয়াহাটী , পাকাবেতবারী , চেঙ্গা , সৃজনগ্রাম , বীরসিং জারুয়া , খোয়াং , জলেশ্বর ,নাওবৈচা , ডিগবয় , মাকুম , রঙাপারা এবং বিহালীতে এই নতুন রাজস্ব চক্র গঠন করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বিধানসভায় জানান যে বিধানসভার সঙ্গে রাজস্ব চক্রের সীমানা সংযুক্ত করা হবে । বর্তমানের চক্র আধিকারীকদের কাজের বোঝা লাঘব করা এবং অত্যাবশ্যকীয় রাজস্ব সেবা সমুহ জনসাধারণের কাছে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । মুখ্যমন্ত্রী বলেন আরো বলেন

# বাইট সি এম #

ডঃ শর্মা বর্তমানের কোন রাজস্ব চক্র প্রত্যাহার করা হবে না বলে স্পষ্ট করে দিয়েছেন ।

রাজ্য সরকার সব জেলা আয়ুক্ত ও জেলা কৃষি আধিকারিকদের নিয়মিতভাবে সার বিক্রয় কেন্দ্রগুলি পরিদর্শন করে সারের যোগান, মজুত ও বিক্রয়ের ব্যবস্থাবলী পর্যবেক্ষণ করারও নির্দেশ দিয়েছে এবং রাজ্যের কৃষকদের ইউরিয়া সহ ন্যানো ইউরিয়া সার কেনার জন্য ব্যবসায়ীরা উৎসাহ দেওয়ার পরিবর্তে চাপ সৃষ্টি করলে শাস্তির মূখে পরতে হবে বলে কৃষিমন্ত্রী পীযূষ হাজারিকা অসাধু ব্যবসায়ীদের সর্তক করে দিয়েছেন । গতকাল বিধানসভা কৃষিমন্ত্রী শ্রীহাজারিকা জানান যে- একাংশ অসাধু সার ব্যবসায়ী ইউরিয়ার সঙ্গে অন্য সার ক্রয় করার জন্য কৃষকদের বাধ্য করেন । এধরণের বেআইনী কাজ করলে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মন্ত্রী শ্রী হাজারিকা বিধানসভায় জানান । রাজ্যের বিভিন্ন জেলায় সাত হাজারেরও বেশি খুচরা বিক্রয় কেন্দ্রের মাধ্যমে স্বচ্ছভাবে সার বিক্রির ব্যবস্থা করা হয়েছে বলেও কৃষিমন্ত্রী জানিয়েছেন ।

---

রাজ্য সরকারী কর্মচারীদের বর্ধিত মহার্ঘ ভাতা দিতে হলে মাসে আনুমানিক ৪৯ কোটি ৮২ লক্ষ টাকার প্রয়োজন হবে বলে রাজ্যের অর্থমন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া জানিয়েছেন । গতকাল বিধানসভায় বিধায়ক জাকির হোসেইন শিকদারের এক প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী জানান যে- বর্ধিত হারের ৬০ শতাংশ মহার্ঘ ভাতা চলতি বছরের জুন মাসের বেতন ও পেনশনের সঙ্গে দেওয়া হয়েছে । রাজ্যের কর্মচারীদের জন্য বর্ধিত হারে ৬০ শতাংশ মহার্ঘ ভাতা ঘোষণা করা রাজ্যগুলির মধ্যে আসাম অন্যতম বলে অর্থমন্ত্রী জানান ।

রাজ্যের শ্রম কল্যাণ বিভাগের সচিব নরসিং শম্ভাজি পাওয়ার এক বিজ্ঞপ্তীতে জারী করে রাজ্যের চা বাগানের শ্রমিক কর্মচারীদের কাজের সময়ের কিছু পরিবর্তন করেছেন । সেই অনুসারে চা বাগানে এখন থেকে সকাল ছ'টা থেকে বেলা দুটো পর্যন্ত  কাজের সময় নির্ধারণ করা হয়েছে । এর আগে চা বাগানগুলিতে সকাল আটটা থেকে বিকেল চারটে পর্যন্ত কাজের সময় ধার্য করা ছিল । গরমের প্রতি লক্ষ্য রেখে এবং শ্রমিকদের স্বাস্থ্যের স্বার্থে  চা বাগানের কাজের সময়ের পরিবর্তন করা হয়েছে ।

---

হাইলাকান্দি পৌরসভার সভাপতি এক বিজ্ঞপ্তিতে পৌরসভার সব ব্যবসায়িক প্রতিষ্ঠানকে আগামী ২১শে জুলাই-র মধ্যে তাদের ট্রেড লাইসেন্স নবীকরণ করতে এবং সব বকেয়া পরিশোধ করতে অনুরোধ করেছেন । বিজ্ঞপ্তিতে যেসব ব্যবসায়ী ট্রেড লাইসেন্স ছাড়াই ব্যবসা করছেন , তাদের অবিলম্বে জরুরী ভিত্তিতে আবেদন করতে বলা হয়েছে । এছাড়া আগামী ২২শে জুলাই থেকে একটি সরকারী পরিদর্শন কমিটি শহরজুড়ে অভিযান চালাবে । যদি কোন প্রতিষ্ঠান মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স নিয়ে বা বকেয়া অর্থ পরিশোধ না করে ব্যবসা পরিচালনা করেন , তবে ১৯৫৬ সালের পৌরসভা আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

---

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্রের বিদ্যালয়গুলিতে গতকাল থেকে সঙ্গীত ,নৃত্য , অংকন , যোগা ইত্যাদি নিয়ে গ্রীষ্মকালীন কর্মশালা শুরু হয়েছে । চলবে আগামী ৩১শে জুলাই পর্যন্ত । শ্রীভূমির জেলা আয়ুক্ত জানিয়েছেন যে রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা  বিভাগের নির্দেশে বিভিন্ন স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক সংগঠন এবং ক্লাবের পরিচালনায় গ্রীষ্মকালীন কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে ।

---

হাইলাকান্দি জেলার আয়ুক্ত জয় বিকাশ গতকাল জেলা আয়ুক্তের সম্মেলন কক্ষে মিশন বাৎসল্য’র বাস্তবায়ন সংক্রান্ত একটি পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন । বৈঠকে মিশন বাৎসল্যের বিভিন্ন উপাদানের অগ্রগতি পর্যালোচনা করে জেলা আয়ুক্ত শিশুদের যত্ন, সুরক্ষা, পুর্নবাসন এবং সামগ্রিক কল্যাণ নিশ্চিত করতে প্রকল্পটির কার্যকর বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন ।